প্রথম আলো

তারিখ 06 SEP 2016
পৃষ্ঠা ... কলাম ...

### রাজশাহী বিশ্ববিদ্যালয়

# ভর্তির আবেদনের যোগ্যতা কমেছে, বেড়েছে ফি

রাজশাহী প্রতিনিধি ●

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ২০১৬-১৭ শিক্ষাবর্ষে ভর্তির আবেদনের জন্য ন্যূনতম যোগ্যতা কমানো হয়েছে। তবে বিভিন্ন ইউনিটে ভর্তি পরীক্ষার আবেদনের ফি কিছুটা বাড়ানো হয়েছে। বিশ্ববিদ্যালয়ের একাডেমিক শাখার উপরেজিস্ট্রার এ এইচ এম আসলাম হোসেন গতকাল সোমবার সাংবাদিকদের এ তথ্য জানিয়েছেন।

আসলাম হোসেন জানান, ভর্তি পরীক্ষা কমিটির সিদ্ধান্ত অনুযায়ী এবার মানবিক থেকে উত্তীর্ণ আবেদনকারীদের এসএসসি ও এইচএসসি উভয় পরীক্ষায় ন্যূনতম জিপিএ-৩ সহ মোট জিপিএ-৭ (চতুর্থ বিষয়সহ) পেতে হবে। যা আগে ছিল ৭ দশমিক ৫০। বাণিজ্য শাখা থেকে উত্তীর্ণ আবেদনকারীদের এসএসসি ও এইচএসসি উভয় শাখায় ন্যূনতম জিপিএ-৩ দশমিক ৫০ সহ মোট জিপিএ-৭ দশমিক ৫০ (চতুর্থ বিষয়সহ) পেতে হবে। যা আগে ছিল জিপিএ-৮। আর বিজ্ঞান শাখা থেকে উত্তীর্ণ আবেদনকারীদের এসএসসি ও এইচএসসি উভয় শাখায় ন্যূনতম জিপিএ-৩ দশমিক ৫০ সহ মোট জিপিএ-৮ (চতুর্থ বিষয়সহ) পেতে হবে। যা আগে ছিল ৮ দশমিক ৫০।

এদিকে এবার কয়েকটি ইউনিটে ভর্তির আবেদন ফি বৃদ্ধি করা হয়েছে। বি ইউনিটে ৩০০ টাকার পরিবর্তে ৩৩০ টাকা দিয়ে আবেদন ফরম পূরণ করতে হবে। সি ইউনিটে আবেদন ফি ৭০০ থেকে ৭১৫ টাকা, ডি ইউনিটে ৫০০ টাকার পরিবর্তে ৫৫০, ই ইউনিটে ৮০০ টাকার পরিবর্তে ৮২৫, এফ ইউনিটে ৫৫০ টাকার পরিবর্তে ৬০৫ এবং এইচ ইউনিটে ৫০০ টাকার পরিবর্তে ৫৫০ টাকা দিয়ে আবেদন করতে হবে। এ, জি, আই ইউনিটে ফি অপরিবর্তিত রয়েছে।

আসলাম হোসেন জানান, ১৮ সেপ্টেম্বর দুপুর ১২টা থেকে ভর্তি-ইচ্ছুক শিক্ষার্থীরা অনলাইনের মাধ্যমে আবেদন করতে পারবেন। আবেদনপ্রক্রিয়া চলবে ২ অক্টোবর রাত ১২টা পর্যন্ত। মোট নয়টি ইউনিটে ভর্তি পরীক্ষা আগামী ২৩ থেকে ২৭ অক্টোবর পর্যন্ত অনুষ্ঠিত হবে। উপাচার্য মুহাম্মদ মিজানউদ্দিন বলেন, 'এর আগের বছর যে যোগ্যতা বাড়ানো হয়েছিল, সেটা কমানো হয়েছে। এ বছর দ্বিতীয়বার ভর্তির সুযোগ না থাকায় শিক্ষার্থীদের অংশগ্রহণ বাড়ানোর মাধ্যমে প্রতিযোগিতা বাড়াতে এটা করা হয়েছে।'